

## 📖 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৪২০

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - উযূর নিয়ম-কানুন

আরবী

وَعَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ قَالَ: رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا تَوَضَّأَ مَسَحَ وَجْهَهُ  
بِطَرَفِ ثَوْبِهِ. رَوَاهُ التِّرْمِذِيُّ

বাংলা

৪২০-[৩০] মু'আয ইবনু জাবাল (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখেছি যে, তিনি উযূ (ওযু/ওজু/অজু) করার পর নিজের কাপড়ের কিনারা দিয়ে নিজের মুখমণ্ডল মুছে ফেলতেন। (তিরমিযী)[১]

ফুটনোট

[১] য'ঈফ : তিরমিযী ৫৪, সিলসিলাহু আয্ য'ঈফাহ্ ৪১৭০। কারণ এর সানাদে রিশদীন ইবনু সা'দ ও 'আবদুর রহমান ইবনু যিয়াদ ইবনু আন'আম রয়েছে যারা হাদীস বর্ণনায় দুর্বল।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (مَسَحَ وَجْهَهُ) অর্থাৎ- উযূ (ওযু/ওজু/অজু) করার পর তার কাপড়ের কিনারা দিয়ে মুখমণ্ডল শুকিয়ে ফেলেন এটাতে প্রমাণ হলো যে, (وضوء) উযূ করার পর মুখমণ্ডলের পানি মুছে ফেলা জাযিয। তবে অগ্রাধিকারপ্রাপ্ত কথা হলো পানি মুছে ফেলা বৈধ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=54979>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন